লেন্স এশিয়া

৩ আগস্ট, ২০২৫

# নৌ ও বিমান বাহিনীর নির্বাচন কার্যক্রম উদ্বোধন করলেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস



সংগৃহীত ছবি

নৌ ও বিমান বাহিনীর ভবিষ্যৎ নেতৃত্ব নির্ধারণে নির্বাচনী পর্ষদ ২০২৫-এর উদ্বোধন করেছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস। নৌবাহিনী সদরদফতরে আয়োজিত এ অনুষ্ঠানে বিভিন্ন পদে কর্মকর্তাদের পদোন্নতির প্রক্রিয়া শুরু হয়। অনুষ্ঠানের শুরুতে মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান দুর্ঘটনায় নিহতদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।

নৌ ও বিমান বাহিনীর নির্বাচনী পর্ষদ ২০২৫ শনিবার সকালে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস। ঢাকার নৌবাহিনী সদরদফতরে আয়োজিত এই অনুষ্ঠানের মধ্য দিয়ে শুরু হয় উভয় বাহিনীর জ্যেষ্ঠ পদে কর্মকর্তাদের পদোন্নতি প্রক্রিয়া।

নৌবাহিনীতে লেফটেন্যান্ট কমান্ডার থেকে কমান্ডার, কমান্ডার থেকে ক্যাপ্টেন, এবং ক্যাপ্টেন থেকে কমডোর, এবং বিমান বাহিনীতে স্কোয়াড্রন লীডার থেকে উইং কমান্ডার, উইং কমান্ডার থেকে গ্রুপ ক্যাপ্টেন, ও গ্রুপ ক্যাপ্টেন থেকে এয়ার কমডোর পদে উন্নীত করার জন্য এই নির্বাচনী পর্ষদ কাজ করবে।

এই পর্ষদ গঠিত হয়েছে সর্বোচ্চ সামরিক নীতিনির্ধারকদের সমন্বয়ে, যারা সরকারের অনুমোদনক্রমে বাহিনীর ভবিষ্যৎ নেতৃত্ব বাছাই করবেন। উদ্বোধনী অনুষ্ঠানে সামরিক ও বেসামরিক ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের সূচনায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে সংঘটিত বিমান দুর্ঘটনায় নিহতদের সম্মানে এক মিনিট নীরবতা পালন করা হয়, যা অনুষ্ঠানে এক আবেগঘন মুহূর্ত তৈরি করে।